

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.০৮৬ – বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল শ্রীলঙ্কায় অনুষ্ঠিত দ্বিতীয় আন্তর্জাতিক টেস্ট ক্রিকেটে শ্রীলঙ্কা জাতীয় ক্রিকেট দলকে পরাজিত করে সিরিজে সমতা (১-১) লাভ করেছে। ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন তামিম ইকবাল এবং ম্যান অব দ্য সিরিজ হয়েছেন সাকিব আল হাসান। ম্যাচ ও সিরিজ-সেরার দু'টি অর্জনই পেয়েছে বাংলাদেশ।

২। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে আগামীতেও ভাল ফলাফল অর্জন করে জাতির গৌরব বৃদ্ধিতে সকলে সম্মিলিতভাবে অবদান রাখবেন মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করে মন্ত্রিসভার ০৬ চৈত্র ১৪২৩/২০ মার্চ ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(২৯২৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

০৬ চৈত্র ১৪২৩
ঢাকা: ২০ মার্চ ২০১৭

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল শ্রীলঙ্কায় অনুষ্ঠিত দ্বিতীয় আন্তর্জাতিক টেস্ট ক্রিকেটে শ্রীলঙ্কা জাতীয় ক্রিকেট দলকে পরাজিত করে সিরিজে সমতা (১-১) লাভ করেছে। ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন তামিম ইকবাল এবং ম্যান অব দ্য সিরিজ হয়েছেন সাকিব আল হাসান। ম্যাচ ও সিরিজ-সেরার দু'টি অর্জনই পেয়েছে বাংলাদেশ। টেস্ট ক্রিকেটে ১৪০ বছরের ইতিহাসে এর আগে এমন ঘটনা ঘটেছিল মাত্র তিন বার - নিজেদের শততম টেস্টে জিতেছিল অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইন্ডিজ ও পাকিস্তান। এবারের এই বিজয়ের মধ্য দিয়ে চতুর্থ দল হিসাবে সেই রেকর্ড স্পর্শ করল বাংলাদেশ। উল্লেখ্য, একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে বাংলাদেশের শততম ম্যাচেও অনুরূপ বিজয় অর্জিত হয়েছিল।

শ্রীলঙ্কা ক্রিকেট দলের বিরুদ্ধে এ বিজয় বাংলাদেশ ক্রিকেট দলকে বিশ্ব-ক্রিকেটে স্থায়ী অবস্থান আরও সুসংহত করতে অনুপ্রেরণা যোগাবে। এ বিজয় দেশের ক্রীড়াঙ্গণের অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার-গৃহীত কর্মসূচির সাফল্যের পরিচায়ক। মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে আগামীতেও ভাল ফলাফল অর্জন করে জাতির গৌরব বৃদ্ধিতে সকলে সম্মিলিতভাবে অবদান রাখবেন মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd